বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক ২০০৮-২০০৯ হতে ২০১৩-২০১৪ (ফেব্রুয়ারি/১৪ পর্যন্ত ৫ বছরের)
অর্থ বৎসরে সম্পাদিত কার্যক্রমের পরিসংখ্যা/তথ্যাদি

ক্রমিক নং	সম্পাদিত কাজের বিবরণ	অর্থ বৎসর					
		২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪ (ফেব্রুয়ারি/১৪)
০১	প্রাপ্ত পত্রাদির সংখ্যা	২৮,৫০৩	২৯,৩০৮	৩০,২৮৯	৩০,২৭৯	৩০,৯৭৩	২৩,৮৫৩
০২	জারিকৃত পত্রাদির সংখ্যা	২৭,৬৭২	২৮,৭৭৯	২৯,৮২৩	২৯,৮১৩	৩০,১৮৪	২৩,৩১৩
০৩	বোমাজাতীয় আলামত পরীক্ষান্ড়ে বিশেষজ্ঞ হিসাবে মতামত প্রদানের প্রতিবেদনের সংখ্যা	১৬০	১৫৫	২৫৭	২৪৭	৬৮৮	৩৫৯
০৪	ম্যাগাজিনে বিস্ফোরক মজুদের জন্য লাইসেন্স মঞ্জুরের সংখ্যা (২২ ফরমে)	৮	৫	৬	৬	৮	৪
০৫	শর্ট ফায়ারার্স এবং পারমিট মঞ্জুর/নবায়নের সংখ্যা	-	-	২	২	৪	১
০৬	আমদানিকৃত সিলিন্ডারের সংখ্যা	৫৯,৫৮৫	৬৫,৫৭৫	১,৫৫,৭৩০	১,৫৫,৭২০	২,০৭,৬৮৭	১,৬৪,২১৭
০৭	সিলিন্ডার পরীক্ষণ কেন্দ্রের সংখ্যা	১	-	১	১	৩	১
০৮	সিলিন্ডারে গ্যাস ভর্তির মঞ্জুরকৃত লাইসেন্সের সংখ্যা ('ঙ' ফরমে)	২	-	২	৩	২	-
৯	গ্যাসাধারে গ্যাস মজুদের জন্য মঞ্জুরকৃত লাইসেন্সের সংখ্যা ('ঘ" ফরমে)	২৫	২৭	২১	৩১	৩৪	৩২
১০	পেট্রোলিয়াম মজুদের মঞ্জুরকৃত লাইসেন্সের সংখ্যা ('কে', 'এল', 'এম' এবং 'জে' ফরমে)	২২৫	২৩১	২৫১	২৪১	২৫৪	৮৮৯
১১	এম/এল ফরম লাইসেন্সের অধীন প্রজ্বলনীয় তরল পদার্থ (কেমিক্যাল) আমদানির অনাপত্তি প্রদানের সংখ্যা	৯৫০	৯৭৫	১,৩৩৫	১,৩২৫	১,৫৯০	১৮৬৩
১২	স্থলপথে পেট্রোলিয়াম পরিবহনের জন্য মঞ্জুরকৃত লাইসেন্সের সংখ্যা ('ও' ফরমে)	৩	৫	৬	১০	১১	১৬
১৩	জলপথে বাল্কে পেট্রোলিয়াম পরিবহনের জন্য মঞ্জুরকৃত লাইসেন্সের সংখ্যা ('এন' ফরমে)	১	-	৩	২০	২৪	৩৩
১৪	ভাসমান বার্জে পেট্রোলিয়াম মজুদের জন্য মঞ্জুরকৃত লাইসেন্সের সংখ্যা (স্পেশাল ফরমে)	২	-	২	৩	৫	২
১৫	পেট্রোলিয়াম ট্যাঙ্কে মানুষ প্রবেশ ও অগ্নিময় কাজের উপযোগিতা যাচাইয়ের উদ্দেশ্যে পরীক্ষিত ট্যাঙ্কের সংখ্যা	১২৫০	১৩০৫	৮,৫৯৩	৮,৫৮৩	৪৮,৬৭৮	১৭,১৬৭
১৬	গ্যাস পাইপ লাইন স্থাপনের অনুমোদনের সংখ্যা	১৮০	১৯৫	২২০	২১০	১৯৯	৫২
১৭	অনুমোদিত গ্যাস পাইপ লাইনে গ্যাস সঞ্চালনের অনুমোদনের সংখ্যা	১৫৬	১৭৫	১৯০	২০৫	৫৭	৩৯

বিস্ফোরক পরিদপ্তরে ২০০৮-২০০৯ হতে ২০১৩-২০১৪ অর্থ বছরের ফেব্রুয়ারি/২০১৪ পর্যন্ত রাজস্ব আয় ও ব্যয়ের পরিসংখ্যান নিম্নরূপঃ

অর্থ বছর	আয়	ব্যয়
২০০৮-২০০৯	১,৭৫,৮৮,০০০/-	৯২,৭২,০০০/-
২০০৯-২০১০	১,৮০,২১,০০০/-	১,০৬,৬৯,০০০/-
২০১০-২০১১	২,৯৫,৩৫,০০০/-	১,১০,০৯,০০০/-
২০১১-২০১২	৩,৬৩,৮৫,০০০/-	৯৮,০১,০০০/-
২০১২-২০১৩	৪,০১,২১,০০০/-	১,০৮,১৮,০০০/-
২০১৩-২০১৪ (ফেব্রুয়ারি/১৪ পর্যন্ত)	৩,৪৬,৫০,০০০/-	৭৯,৪২,০০০/-

বিস্ফোরক পরিদপ্তরের চলমান কার্যক্রম, অর্জিত সাফল্য ও গৃহিতব্য কার্যক্রম সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন

গুরুত্বপূর্ণ বিষয়সমূহঃ

(ক) বিস্ফোরক ও পেট্রোলিয়াম অ্যাক্টের আওতায় বিস্ফোরক, পেট্রোলিয়ামসহ প্রজ্বলনীয় তরল পদার্থ, গ্যাস ইত্যাদি বিভিন্ন বিপজ্জনক পদার্থের আমদানি, মজুদ, পরিবহন, হ্যান্ডলিং ইত্যাদি বিষয়ে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্থাপনা/প্রাঙ্গণ/ মজুদাগার পরিদর্শনপূর্বক লাইসেন্স/অনাপত্তি প্রদান।

(খ) পরীক্ষাগারে বোমাজাতীয় আলামত পরীক্ষণপূর্বক বিশেষজ্ঞের মতামত প্রদান।

চলমান কার্যক্রমঃ

(ক) উচ্চ চাপ গ্যাস পাইপ লাইনের নিশ্চিদ্রতা পরীক্ষণ এবং উহাতে গ্যাস পরিবহনের অনুমতি প্রদান।

(খ) বিস্ফোরক এবং পেট্রোলিয়াম মজুদের স্থাপনা/প্রাঙ্গণ/মজুদাগার ইত্যাদির নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে রুটিন মাফিক পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণ।

গৃহীত কার্যক্রমের সাফল্যঃ

২০১৩-২০১৪ অর্থ বছরে অত্র দপ্তর কর্তৃক বিস্ফোরক ও পেট্রোলিয়াম অ্যাক্টের অধীন বিভিন্ন কার্যক্রম সম্পাদন করছে। প্রাকৃতিক গ্যাসের নির্ভরতা কমিয়ে বিকল্প জ্বালানী হিসেবে এলপিজি ব্যবহারকে উৎসাহিত করার লক্ষ্যে ২০১৩-২০১৪ অর্থ বছরে (ফেব্রুয়ারি/২০১৪ পর্যন্ত) বিভিন্ন কোম্পাণীর অনুকূলে ১,৬৪,২১৭টি এলপিজি সিলিন্ডার আমদানির লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। গ্যাস সংযোগ বন্ধ থাকায় বিভিন্ন কারখানায় ও ব্যক্তি পর্যায়ে পেট্রোলিয়ামের ব্যবহার বৃদ্ধি পেয়েছে বিধায় ৯৪০ বিভিন্ন ধরনের পেট্রোলিয়াম মজুদের লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। সিএনজি রিফুয়েলিং স্টেশনগুলিতে ব্যবহারের জন্য ৯,৪৬২ উচ্চ চাপ সম্পন্ন সিলিন্ডার এবং বিপুল পরিমাণ কনভার্সন কিট্‌স ও আনুসাঙ্গিক যন্ত্রপাতি আমদানির অনুমতি প্রদান করা হয়েছে। গ্যাস ক্ষেত্র আবিষ্কার, সিসমিক সার্ভে সম্পন্নকরণের জন্য জাতীয় গ্যাস কোম্পাণী মধ্যপাড়া কঠিন শিলা প্রকল্প, বড় পুকুরিয়া কোল মাইনিং কোম্পাণী ও আন্তর্জাতিক তৈল কোম্পাণীগুলির বাস্তবায়নাধীন প্রকল্প দ্রুত সমাপ্তির লক্ষ্যে ৮০,০০০ কেজি বিস্ফোরক (পাওয়ার জেল) ও ৭০০৬০ পিস ডেটোনেটর, ২০০পিস বুস্টার, ৩০০০টি ডেটোনেটিং কার্ড বিস্ফোরক আমদানির অনুমতি/লাইসেন্স, বিস্ফোরক আমদানির ০৬টি, বিস্ফোরক মজুদের ০৮টি এবং বিস্ফোরক পরিবহনের ০৭টি লাইসেন্স মঞ্জুর করা হয়েছে।

গ্যাস সঞ্চালন ক্ষমতা বৃদ্ধির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উচ্চচাপ গ্যাস পাইপ লাইনের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ৫২ টি পাইপ লাইনের অনুমোদন ও ৩৯ টি নিশ্চিদ্রতা পরীক্ষণ কার্যক্রম অনুমোদন করা হয়েছে।

পেট্রোলিয়াম অয়েল ট্যাংকার এবং জাহাজ ক্র্যাপিং এর পূর্বে ১৭,১৬৭টি ট্যাংক পরীক্ষণপূর্বক পেট্রোলিয়াম গ্যাস মুক্তি সনদ প্রদান করা হয়েছে। বিস্ফোরক দ্রব্য আইনের অধীন মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ৩৫৭টি ক্ষেত্রে আলামত (বোমা) পরীক্ষণ পূর্বক বিশেষজ্ঞের মতামত প্রদান করা হয়েছে। অধিকন্তু, বিস্ফোরক পরিদপ্তরে ২০১৩-২০১৪ অর্থবছরের ফেব্রুয়ারি/২০১৪ পর্যন্ত রাজস্ব আদায় হয়েছে ৩,৪৬,৫০,০০০/- টাকা ও ব্যয় হয়েছে ৭৯,৪২,০০০/- টাকা।

ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

(১) ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন চার্টার সময় সময় আপডেটের ব্যবস্থা করা।

(২) আইসিটি পেশাজীবী দ্বারা সজ্জিত আইসিটি সেল স্থাপন। এ সেলের জন্য আইসিটি সংশিষ্ট পদ সৃজন করা এবং সংশিষ্ট পদকে কারিগরী পদ হিসেবে চিহ্নিতকরণ।

(৩) ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে গতানুগতিক প্রক্রিয়ায় দাপ্তরিকভাবে সেবাগ্রহীতাদের সেবাদানের পাশাপাশি দাপ্তরিক যোগাযোগ, নথি প্রক্রিয়াকরণ, তথ্য আদান-প্রদান এবং সংরক্ষণে ই-সেবা/ অনলাইন সেবা পদ্ধতির উদ্যোগ গ্রহণ করা।